আমঝুপিতে তিন ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজারে দুটি ওষুধের দোকান ও একটি মুদি দোকানে অভিযান চালিয়ে ৬হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

বুধবার দুপুর সাড়ে ১২টার এর সময় নির্বাহী ম্যাজিষ্ট্রেট মিথিলা দাস এ আদালত পচিালনা করেন। এসময় মেডিসিন কর্নার ৩ হাজার টাকা ও আলসেফা ২হাজার টাকা জরিমানা করা হয়। পরে আলা মার্কেট এ জাহিদের দোকনে অভিযান চালিয়ে চামড়াজাতকরণ লবন পাওয়ায় ১ হাজার টাকা জরিমানা করা হয়।
-আমঝুপি প্রতিনিধি

দর্শনায় দুই প্রতিষ্ঠানকে ৪৫ হাজার টাকা জরিমানা

দ্রব্যে ভেজাল, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরী ও মেয়াদ উত্তীর্ণ খাবার রাখার দায়ে দুই প্রতিষ্ঠান মালিককে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।
গতকাল মঙ্গলবার দুপুর ১টার সময় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক দামুড়হুদা হাউলী ইউনিয়নের জয়রামপুর ও দর্শনা রেলবাজার এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়।

দামুড়হুদা উপজেলার ১টি বেকারী ও দর্শনা রেলবাজারর ১টি হোটেল অস্বাস্থ্যকর পরিবেশ এবং মেয়াদউত্তীর্ণ খাদ্য রাখা,পণ্যের মোড়ক, ইত্যাদি ব্যবহার না করার দায়ে ভোক্তা অধিকার ও সংরক্ষণ আইনে তাদের জরিমানা করা হয়।

এদের মধ্যে দর্শনা রেল বাজারের আল্লাহর দান হোটেলের মালিক

খন্দকার জহিরুল ইসলাম কে ২০ হাজার টাকা, এবং দামুড়হুদা জয়রামপুর মা-বাবার দোয়া বেকারীর মালিক মো: রবিউল ইসলাম কে ২৫ হাজার জরিমানা করা হয়। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সজল আহম্মেদ। সেই সাথে হোটেল ও কারখানার মালিক কে সতর্ক করে ভবিষ্যৎতে এ ধরনের কাজ করা থেকে বিরত থাকার জন্য পরামর্শ দেন।

পরে কারখানার মালিক ও হোটেলের মালিক এ ধরনের কাজ আর করবেনা বলে প্রতিশ্রুতি দেন। একই কাজ ভবিষ্যৎতে করলে লাইসেন্স বাতিল সহ হোটেল ও কারখানা সিলগালা করে দেয়া হবে। এ সময় সহযোগিতায় ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ।

দর্শনা প্রতিনিধি

মেহেরপুরে হোটেল ব্যবসায়ীর ১০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দীতে ওজন কম ও পরিমাপ যন্ত্রের মাপ ঠিক না থাকার অভিযোগে ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে এক হোটেল ব্যবসায়ির কাছে থেকে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেছে। গতকাল মঙ্গলবার সকালের দিকে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলামের নেতৃত্বে এ ভ্রাম্যমান আদালত পরিচালনা করে।
জানা যায়, মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী হানিফ হোটেল এন্ড দধী ভান্ডার ওজন কম ও পরিমাপ যন্ত্রের মাপ ঠিক না থাকায় ওজন পরিমাপ ২০১৮ আইনে ভ্রাম্যমান আদলতে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ভ্রাম্যমান আদালতে ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুর জেলা প্রশাসনের ভ্রাম্যমান আদালতে ব্যবসায়ীর নিকট থেকে জরিমানা আদায় করেছে।

সোমবার সকালের দিকে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় কুমারখালী দধী ভান্ডারে এই অভিযান চালানো হয়।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মিথিলা দাসের নেতৃত্বে এ ভ্রাম্যমান আদালত বসানো হয়।

এ সময় ওজন কম দেওয়া ও পরিমাপ যন্ত্র ঠিক না থাকায় ওজন মাপা ২০১৮ আইনে ৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

বিএসটিআই কর্মকর্তা আবুল হাসনাত এসময় সেখানে উপস্থিত ছিলেন।

নিজস্ব প্রতিনিধি

সরকারি কাজে বাধা, ছাত্রলীগ নেতার কারাদন্ড

সরকারি কাজে বাধা দেওয়ার দায়ে জয়পুরহাটের আক্কেলপুর উপজেলায় এক ছাত্রলীগ নেতাকে এক মাসের বিনাশ্রম কারাদ- দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। সাজা পাওয়া ওই ছাত্রলীগ নেতার নাম রোম্মান হোসেন। তিনি গোপীনাথপুর ইউনিয়নের ভিকনী গ্রামের বাসিন্দা। তিনি গোপীনাথপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি।

রোম্মানকে গতকাল বৃহস্পতিবার দুপুরে কারাগারে পাঠানো হয়েছে। রোম্মান হোসেনের দলীয় পরিচয় নিশ্চিত করেছেন আক্কেলপুর উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক খাদেমুল ইসলাম।

ভ্রাম্যমাণ আদালত ও স্থানীয় সূত্রে জানা গেছে, রোম্মান হোসেন

দলীয় প্রভাব খাটিয়ে ভিকনী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রমে বাধা দিতেন। এ সময় তিনি ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও শিক্ষার্থীদের সঙ্গে অসদাচরণ করতেন। এ নিয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও পরিচালনা কমিটি রোম্মানের সঙ্গে একাধিকবার বৈঠকে বসে মিটমাটের চেষ্টা করেছে। এতেও রোম্মান ক্ষান্ত হননি। সকালে রোম্মান দলবল নিয়ে বিদ্যালয়ে যান। এরপর প্রধান শিক্ষককের সঙ্গে অসদাচরণ ও বিদ্যালয় পরিচালনার কাজে বাধা দেন। প্রধান শিক্ষক বিষয়টি উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে জানান।

ভিকনী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাছুদা খানম বলেন, রোম্মান হোসেন আগেও একাধিকবার বিদ্যালয়ে এসে শিক্ষকদের সঙ্গে অসদাচরণ ও কাজে বাধা দিয়েছেন। বিদ্যালয় চলাকালে এসে তিনি আবারও একই আচরণ করছিলেন। এ জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ঘটনাস্থলে এসে রোম্মানকে কারাদ- দিয়েছেন।

প্রধান শিক্ষক মাছুদা খানম বলেন, ‘কারাদ-◌ের পর রোম্মান হুমকি দিয়ে বলেছেন, জেল থেকে ছাড়া পেয়ে আমাকে দেখে নেবেন।’
আক্কেলপুর উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক খাদেমুল ইসলাম বলেন, রোম্মান তাঁকে জানিয়েছেন, তাঁর বাড়ির পাশেই ভিকনী সরকারি প্রাথমিক বিদ্যালয়। দীর্ঘদিন ধরে বিদ্যালয়টিতে বেলা দুইটার পর ঠিকমতো পাঠদান হয় না। এরই প্রতিবাদ করতে গিয়েছিলেন রোম্মান। এ ঘটনায় ছাত্রলীগের পক্ষ থেকে তদন্ত করা হবে।

ভ্রাম্যমাণ আদালতের হাকিম ইউএনও জাকিউল ইসলাম বলেন, সরকারি কাজে বাধা দেওয়ায় রোম্মান হোসেনকে এই সাজা দেওয়া হয়েছে।
আক্কেলপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কিরণ কুমার রায় বলেন, রোম্মানকে দুপুরে কারাগারে পাঠানো হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে দুইজনের ৭দিনের জেল

যৌন-উত্তেজক এ্যালকোহল জাতীয় পানিয় বিক্রয়ের দায়ে ২ জনকে ৭ দিনে বিনাশ্রম কারান্ডাদেশ প্রদান করেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার লিটন আলী ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

জানাগেছে, আলমডাঙ্গার পৌর এলাকার গোবিন্দপুর গ্রামের মৃত-আ: বারীর ছেলে মজিবর রহমান (৫২) দীর্ঘদিন যাবৎ উপজেলা পরিষদের সামনে চায়ের ব্যবসা চালিয়ে আসছেন। চায়ের ব্যবসার পাশাপাশি গোপনে তিনি যৌন উত্তেজক এ্যালকোহল পানিয় বিক্রয় করে আসছিলো। এমন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানাপুলিশের সহযোগিতায় উপজেলা নির্বাহি অফিসার ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে। ভ্রাম্যমাণ আদালত মজিবরের দোকান তল্লাশি করে যৌন উত্তেজক এ্যালকোহল পানিয় উদ্ধার করে।

এ সময় আটকৃত মজিবরের স্বীকারোক্তির ভিত্তিতে ভ্রাম্যমাণ আদালত আলমডাঙ্গার ফরিদপুর বাজারের সালেহিন হোমিও হলে অভিযান চালায়।অভিযান পরিচালনার সময় দোকানেমাত্রাতিক যৌন উত্তেজক এ্যালকোহল পানিয় উদ্ধার করে এবং দোকান মালিক আজিবর রহমানের ছেলে তৌমুর সালেহিন (পল্লব)কে আটক করে।সন্ধ্যা ৭টার দিকে পৃথক স্থানে ভ্রাম্যমাণ আদালতে মাধ্যমে আটকৃত দুইজনকে যৌন-উত্তেজক এ্যালকোহল জাতীয় পানিয় বিক্রয়ের দায়ের ৭ দিনে বিনাশ্রম কারান্ডাদেশ প্রদান করেন।
– আলমডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুরে তূর্য ‘স’ মিলের মালিককে ৫হাজার টাকা জরিমানা

লাইসেন্স না থাকায় মেহেরপুরের কাথুলি মোড়ের তূর্য ‘স’ মিলের মালিককে ৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সহকারি কমিশনার মো: রাকিবুল ইসলাম এ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমান আদালত সূত্রে জানা গেছে, করাত কল লাইসেন্স না থাকার অপরাধে তূর্য ‘স’ মিলের পরিচালক মোঃ মিঠুকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। এ ছাড়াও করাত কলের লাইসেন্স সংক্রান্ত যাবতীয কাগজ পত্র জমাদানের জন্য দশ দিনের সময় প্রদান করা হয়। এ সময় মেহেরপুর বনবিভাগের ভার-প্রাপ্ত কর্মকর্তা মোঃ জাফর উল্লাহ উপস্থিত ছিলেন।

নিজস্ব প্রতিনিধি